

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০১.১৬.২৬৬.১৫-৯৭৩

তারিখ: ১০ আষাঢ় ১৪৩৩
২৪ জুন ২০২৬

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জেলা কার্যালয়ের অফিসসমূহের ওয়েবসাইট হালনাগাদ করার জন্য বারংবার পত্র মারফত ও মৌখিকভাবে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও গত ১২ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখের ৩৮.০০.০০০০.৩০১.১৬.২৬৬.১৫-৪৫৯ নং স্মারক মোতাবেক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার হালনাগাদ সংক্রান্ত পত্র পৃষ্ঠাঙ্কন পূর্বক জেলা কার্যালয়ে সিটিজেন চার্টার হালনাগাদ সংক্রান্ত পুনরায় নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। তদুপরি দেখা যায় যে, এখন পর্যন্ত তাঁর জেলার ওয়েবসাইট যথাযথভাবে হালনাগাদ করা হয়নি। এমনকি ওয়েবসাইট হালনাগাদ করণের কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি।

৩। এমতাবস্থায়, তাঁর জেলার ওয়েবসাইট ও সিটিজেন চার্টার জরুরি ভিত্তিতে বিনা ব্যর্থতায় হালনাগাদ পূর্বক ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে হালনাগাদ করে প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে ইতোপূর্বের নির্দেশনা অনুযায়ী জেলা কার্যালয়ের অফিসসমূহের ওয়েবসাইট এবং সিটিজেন চার্টার হালনাগাদ করার কার্যক্রম কেন গ্রহণ করা হয়নি তার সন্তোষজনক জবাব পত্র জারীর দিন হতে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে দাখিল করবেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ২৪/০৬/২০২৬ খ্রি.

মোঃ মাহবুব আলম

উপপরিচালক (সাধারণ প্রশাসন)

সহকারী পরিচালক

জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

মানিকগঞ্জ/ দিনাজপুর / খুলনা/ কুষ্টিয়া/ ঝালকাঠি / শেরপুর/ বান্দরবান।

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০১.১৬.২৬৬.১৫-৯৭৩

তারিখ: ১০ আষাঢ় ১৪৩৩
২৪ জুন ২০২৬

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/ পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), উশিবু, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), উশিবু, ঢাকা।

৪। অফিস কপি/ ব্যক্তিগত নথি।

২৪/০৬/২০২৬
সহকারী পরিচালক



জিহাদুল ইসলাম জিহাদ
সহকারী পরিচালক (প্রশাসন)